# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 09-09-2026** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনগণের সেবায় ২৫ বছর পূর্তি উপলক্ষে চলতি মাসের ১৭ তারিখ থেকে 'সেবা সংকল্প অভিযান' শুরু হচ্ছে।

২) ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির শিখর সম্মেলনের প্রাক্কালে আজ মুম্বাইতে ব্রিকস অর্থমন্ত্রী ও কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নরদের বৈঠক চলছে।

৩) সামুদ্রিক সহযোগিতা জোরদার করতে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরাকুমারা দিশানায়েকের সঙ্গে বৈঠক করেছেন।

৪) ভারত ও কুয়েত বিভিন্ন ক্ষেত্রে তাদের কৌশলগত অংশীদারিত্ব জোরদার করতে সহমতে পৌঁছেছে।

৫) 'আত্মনির্ভর ভারত' উদ্যোগের অধীনে আজ কলকাতার গার্ডেনরিচে ভারতের প্রথম সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি 'সমুদ্র গবেষণা জাহাজ' কার্যকর হয়েছে।

৬) বিহারের বন্যা পরিস্থিতির উন্নতি হলেও দেশের বিভিন্ন রাজ্যে আজও ভারী বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনগণের সেবায় ২৫ বছর পূর্তি উপলক্ষে বিজেপি চলতি মাসের ১৭ তারিখ থেকে এক মাস ব্যাপী 'সেবা সংকল্প অভিযান' শুরু করার সিদ্ধান্ত নিয়েছে। নতুন দিল্লিতে আজ দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন জানান, আগামী ৭ই অক্টোবর প্রধানমন্ত্রীর জনসেবায় ২৫ বছর পূর্ণ হবে। উল্লেখ্য, ২০০১ সালে তিনি এই দিনে গুজরাটের মুখ্যমন্ত্রী হিসেবে তাঁর কার্যকাল শুরু করেন । তাঁর নেতৃত্বে দেশের অগ্রগতি কেবলমাত্র উন্নয়নের মধ্যেই থেমে থাকেনি, বরং ভারতের সাংস্কৃতিক পরিচিতি এবং ঐতিহ্য আরো শক্তিশালী হয়েছে বলেও তিনি মন্তব্য করেন।

বাইট - নিতিন নবীন

এই সেবা সংকল্প অভিযান শুরু হবে রক্তদান শিবিরের মাধ্যমে। প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে দল গ্রাম ও শহর জুড়ে ' সেবা জ্যোতি কলস যাত্রা' শুরু করবে। এছাড়াও একাধিক জনহিতকর কার্যক্রম শুরু হবে।

-----------------------

ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির শিখর সম্মেলনের প্রাক্কালে আজ মুম্বাইতে ব্রিকস অর্থমন্ত্রী ও কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নরদের বৈঠক চলছে। এর আগে, গতমাসে জয়পুরে অর্থমন্ত্রী ও গভর্নররা বৈঠক করেছিলেন। মুম্বাইয়ের বৈঠকে সদস্য দেশগুলি স্থিতিশীল উন্নয়ন, সহযোগিতা, উদ্ভাবনের বিষয়টিকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। এদিকে মুম্বইয়ের চূড়ান্ত বৈঠকের আগে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন ব্রিকস-এর আর্থিক গতিপ্রকৃতি নিয়ে এক পর্যালোচনা বৈঠক করেন।

-----------------------

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ কলম্বোতে শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরাকুমারা দিশানায়েকের সঙ্গে বৈঠক করেন। এই গুরুত্বপূর্ণ বৈঠকে উভয় নেতা-ই সামরিক ক্ষেত্রে যৌথভাবে কাজ করার অঙ্গীকার করেছেন। সামুদ্রিক অংশীদার হিসেবে দুই দেশই উন্নয়ন ও জনগণের কল্যানে কাজ করবে বলে জানিয়েছে।

সমাজমাধ্যমের এক বার্তায় শ্রী সিং বলেন, আঞ্চলিক নিরাপত্তা, শান্তি ও সমৃদ্ধি নিশ্চিত করতে উভয় দেশ যৌথভাবে কাজ করে যাবে।

উল্লেখ্য, প্রতিরক্ষামন্ত্রী ৩ দিনের সরকারি সফরে গতকাল শ্রীলঙ্কা পৌঁছেছেন।

---------------------

কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্রের ৬০০-টিরও বেশি পণ্যের ওপর ৫০ শতাংশ পর্যন্ত পাল্টা শুল্ক আরোপ করেছে। গতরাত থেকেই এই শুল্কহার আনুষ্ঠানিকভাবে কার্যকর হয়েছে।

ফেডারেল সরকারের নতুন ‘ডলার-ফর-ডলার’ বা সমপরিমাণ মূল্যের পাল্টা শুল্ক নীতির আওতায় কানাডা এই পদক্ষেপ নিয়েছে। ইস্পাত ও অ্যালুমিনিয়ামের মতো শিল্পপণ্য, টয়লেট পেপারের মতো নিত্যপ্রয়োজনীয় গৃহস্থালি সামগ্রী প্রভৃতির ওপর পরিবর্তিত শুল্কহার কার্যকর হবে।

এদিকে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সমাজমাধ্যমে এক বার্তায় কানাডার বিরুদ্ধে অন্যায্য আচরণের অভিযোগ তুলে সে-দেশের কোনও পণ্য না কেনার জন্য মার্কিনী সংস্থাগুলিকে নির্দেশ দিয়েছেন।

---------------------

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে হামলা – পাল্টা হামলায় পশ্চিম এশিয়ায় উত্তেজনা পরিস্থিতি তীব্র আকার ধারণ করেছে। ওই অঞ্চলে নতুন ক'রে সংঘাত বাড়তে পারে বলে মনে করা হচ্ছে। গত দু'দিনে মার্কিনী যুদ্ধজাহাজের ওপর ইরানের 'ইসলামিক রেভোলিউশনারি গার্ড কোর'-এর হামলার জবাবে মার্কিন সামরিক বাহিনী ইরানের পাঁচটি অপরিশোধিত তেলবাহী ট্যাঙ্কার ধ্বংস করেছে। এদিকে, ইরান জর্ডনে অবস্থিত বেশ কয়েকটি মার্কিন লক্ষ্যবস্তু নিশানা ক'রে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে।

এদিকে, প্রতিবেশী দেশের বন্দরগুলিতে অবস্থানরত একাধিক জাহাজের কর্মীদের উদ্দেশে দেওয়া এক বার্তায় ইরানের সেনাবাহিনী বাহরাইন ও কুয়েতের বন্দরের কাছাকাছি থাকা ট্যাঙ্কারগুলির বিরুদ্ধে প্রতিশোধমূলক ব্যবস্থা নেওয়ার হুমকি দিয়েছে।

----------------------

ইসরায়েল থেকে আসা পণ্য দ্রব্যের ওপর ব্রিটেন কঠোর নিষেধাজ্ঞা জারি করায় পূর্ব জেরুজালেমে অবস্থিত ব্রিটেনের বাণিজ্যিক দূতাবাস বন্ধের নির্দেশ দিয়েছে ইসরায়েল। ইসরায়েলের বিদেশমন্ত্রী গিডিয়ন সার জানিয়েছেন, এর আওতাধীনে বেশ কয়েকজন ব্রিটিশ সাংসদদের প্রবেশও নিষেদ্ধাজ্ঞা জারি করা হয়েছে।

----------------------

ইসরায়েল-প্যালেস্তাইন সংঘাত নিরসনে ব্রিটেন ফ্রান্স এবং কানাডা তাঁদের দৃঢ় প্রত্যয় আবারও ব্যক্ত করেছে। এক যৌথ বিবৃতিতে ব্রিটিশ প্রধানমন্ত্রী অ্যান্ডি বার্নহাম, ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ এবং কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি বলেন, পশ্চিম এশিয়া এবং অবশিষ্ট বিশ্বের শান্তি, স্থিতিশীলতা ও নিরাপত্তার জন্য ইসরায়েল-প্যালেস্টাইন সংঘাত নিরসনে দ্বি-রাষ্ট্র সমাধান অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই তিনটি

দেশের শীর্ষ নেতারা ইসরাইলের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্ব দেন। তাঁরা বলেন ইজরায়েল ও প্যালেস্টাইন দুটি দেশই শান্তিপূর্ণভাবে পাশাপাশি সহ অবস্থান করবে এটি তাদের কাম্য।

---------------------

রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তনিও গুতেরেস বলেছেন, সাম্প্রতিক কূটনৈতিক প্রক্রিয়ার ফলে ইউক্রেন ও রাশিয়ার মধ্যে শান্তি বৈঠক পুনরায় শুরু হবার সম্ভাবনা জাগিয়ে তুলেছে। বরিষ্ঠ মার্কিন দূতের সম্প্রতিক মস্কো এবং কিভ সফরের প্রেক্ষিতে তিনি এই মন্তব্য করেন। এক প্রেস বিবৃতিতে মহাসচিবের মুখপাত্র স্টিফেন দুজরিক বলেছেন, আন্তর্জাতিক স্বার্থে রাশিয়া ও ইউক্রেনকে কোনরকম শর্ত ছাড়াই যুদ্ধ বিরতির রাস্তা প্রশস্ত করতে হবে। তিনি আরো বলেন রাষ্ট্রসংঘ তাদের এই উদ্যোগে সম্পূর্ণ সমর্থন জানাতে প্রস্তুত। উল্লেখ্য যুদ্ধ শুরু হবার পর ইউরোপীয় ইউনিয়ন এবং তাদের অন্যান্য সদস্য দেশগুলি ইউক্রেনে ২২৬ বিলিয়ান মার্কিন ডলার আর্থিক সামরিক এবং মানবিক সহায়তা পাঠিয়েছে।

---------------------

ভারত সৌদি ভূখণ্ডের অসামরিক ও অর্থনৈতিক কেন্দ্র লক্ষ্য করে হুথিদের হামলার নিন্দা করেছে। সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সোয়াল বলেন, ভারত সবসময় আঞ্চলিক নিরাপত্তা ও স্থিতিশীলতাকে গুরুত্ব দেয়। বাবেল-মান্দেব প্রণালীতে জাহাজ চলাচলে হুমকি ভারতের কাছে কখনোই গ্রহণযোগ্য নয় বলে তিনি মন্তব্য করেন।

---------------------

ভারত ও কুয়েত বিভিন্ন ক্ষেত্রে তাদের কৌশলগত অংশীদারিত্ব জোরদার করতে সহমতে পৌঁছেছে। কুয়েতে গতকাল উভয় দেশের মধ্যে অষ্টম কুয়েত বিদেশ মন্ত্রক পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হয়। বৈঠকে যৌথভাবে পৌরহিত্য করেন ভারতের বিদেশ মন্ত্রকের অতিরিক্ত সচিব অসীম মহাজন এবং কুয়েতের বিদেশ মন্ত্রকের এশিয়া বিষয়ক সহকারী বিদেশমন্ত্রী নাওয়াফ আব্দুল লতিফ সুলাইমান আল-আহমেদ।

দুটি দেশই রাজনৈতিক সম্পর্ক, বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা, নিরাপত্তা, জ্বালানি, প্রযুক্তি, স্বাস্থ্য, সংস্কৃতি এবং জনগণের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরো ঘনিষ্ঠ করার উপর গুরুত্ব দিয়েছে।

উভয় পক্ষই পারস্পরিক সুবিধাজনক সময়ে নতুনদিল্লিতে আলোচনায় সম্মত হয়েছে।

উল্লেখ্য, কুয়েতে বসবাসরত ১০ লক্ষ ৫০ হাজার ভারতীয় সম্প্রদায় দুটি দেশের মধ্যে সম্পর্কের মেলবন্ধনে কাজ করে চলেছে ।

-----------------------

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণানের আমন্ত্রণে প্রিন্স রহিম আগাখান ‘পঞ্চম’, আজ ভারত সফর শুরু করছেন। থাকবেন চলতি মাসের ১৫ তারিখ পর্যন্ত। ইসমাইলি সম্প্রদায়ের ৫০ তম ইমামের দায়িত্ব গ্রহণের পর এটিই তাঁর প্রথম ভারত সফর। নতুন দিল্লীতে শ্রী আগাখান, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করবেন। এছাড়াও স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্করের সঙ্গেও তাঁর দেখা হওয়ার কথা। বিদেশমন্ত্রক জানিয়েছে, বিভিন্ন উন্নয়নমূলক ও সামাজিক বিষয় নিয়ে এবারের সফরে তাঁর সঙ্গে বিস্তারিত আলোচনা হবে।

-----------------------

কলকাতার গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স নির্মিত ভারতের প্রথম সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি ‘OCEAN রিসার্চ ভেসেল’ বা সমুদ্র গবেষণা জাহাজ আজ আনুষ্ঠানিকভাবে কার্যকর হয়েছে।

সংস্থার চেয়ারম্যান পি আর হরি জানিয়েছেন, জাহাজটি ভারতের 'ন্যাশনাল সেন্টার ফর পোলার অ্যান্ড ওসিয়ান রিসার্চ'-এর গভীর সমুদ্র অভিযানের জন্য নির্মাণ করা হয়েছে। ৮৯ দশমিক ৫০ মিটার লম্বা এবং ১৮ দশমিক ৮০ মিটার চওড়া এই জাহাজটি সর্বোচ্চ ৬হাজার মিটার গভীরতা পর্যন্ত গবেষণা ও তথ্য সংগ্রহের কাজ চালাতে সক্ষম।

ভারত সরকারের 'আত্মনির্ভর ভারত' উদ্যোগের অধীনে প্রায় ৮৪০ কোটি টাকা চুক্তিতে তৈরি এই আধুনিক জাহাজটি আন্টার্কটিকা ও আর্কটিক অঞ্চলের মেরু গবেষণা এবং গভীর সমুদ্রের খনিজ অনুসন্ধানে ভারতের সামুদ্রিক সক্ষমতা বহুগুণ বাড়িয়ে দেবে।

-----------------------

কলকাতা হাইকোর্টের ৪৫ তম প্রধান বিচারপতি হিসাবে আজ শপথ গ্রহণ করেছেন বিচারপতি রবীন্দ্র বিঠলরাও ঘুগে। হাইকোর্টের এক নম্বর কক্ষে সকাল ১০ টায় রাজ্যপাল আর এন রবি তাঁকে শপথ বাক্য পাঠ করান। প্রবীণতম বিচারপতি তপোব্রত চক্রবর্তী সহ অন্য বিচারপতি ছাড়াও উপস্থিত ছিলেন সেখানে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বোস, মুখ্যসচিব মনোজ আগরওয়াল, রাজ্যের অতিরিক্ত সলিটর জেনারেল ধীরাজ ত্রিবেদী , রাজ্যের অ্যাডভোকেট জেনারেল সুরজিৎ নাথ মিত্র সহ আইন ও প্রশাসনের একাধিক আমলা।

কলকাতা বার সদস্য হিসেবে তাঁকে গ্রহণ করার জন্য বিচারপতি ঘুগে আজ কৃতজ্ঞতা ব্যক্ত করেন। তিনি বলেন, বার-এর সদস্যদের জন্য তাঁর দরজা সর্বদা খোলা। যেকোনো সমস্যা নিয়ে তাঁর কাছে আসার আহ্বান জানিয়ে তিনি অন্য বিচারপতিদের সহায়তায় সমস্যা সমাধানের সর্বোত চেষ্টার আশ্বাস দেন। প্রধানবিচারপতি বলেন, সততা ও পেশার প্রতি ভালোবাসার মাধ্যমেই সাফল্য অর্জন করা সম্ভব।

রাজ্যের ঐতিহ্য ও সংস্কৃতির কথা উল্লেখ করে তিনি জানান, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে শপথ নেওয়ায় তিনি গর্বিত।

বাইট

-----------------------

নেপালে বিধ্বংসী বন্যার প্রেক্ষিতে কাঠমান্ডুতে কর্মরত ভারতীয় ফরেনসিক দল এপর্যন্ত এক হাজার চারশোরও বেশি DNA পরীক্ষা সম্পন্ন করেছে। এখনও পর্যন্ত ৩৭৮-টি ডি এন এ প্রোফাইল প্রস্তুত করা হয়েছে বলে বিদেশমন্ত্রক জানিয়েছে।

এদিকে, চিলিমে সুড়ঙ্গ থেকে জল ও কাদা সরানোর কাজ আজকেও চলছে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, সুড়ঙ্গ পরিষ্কারের কাজে ভারী যন্ত্রপাতি নিয়ে যাওয়ার জন্য একটি অস্থায়ী পথ তৈরির কাজও এগিয়ে চলেছে। আগামী ২-৩ দিনের মধ্যে তা সম্পন্ন হবে বলে মনে করা হচ্ছে।

-----------------------

গঙ্গা, গণ্ডক, কোশি, শোন, পুনপুন ও অন্যান্য নদীর জলস্তর হ্রাস পাওয়ায় বিহারে বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে। এর ফলে বন্যাদুর্গত অঞ্চলে বেশ কিছুটা স্বস্তি মিলেছে। এদিকে বেশ কয়েকটি নদীর জল বিপদসীমার ওপর দিয়ে বইছে।

মুঙ্গের, ভাগলপুর ও কাহালগাঁওয়ে জলস্তর বৃদ্ধি পাওয়ায় নিচু এলাকা গুলি প্লাবিত হয়েছে। অন্যদিকে, পাটনা, সারণ, বৈশালী, বেগুসরাই, সমস্তিপুর, জাহানাবাদ জেলায় বন্যাত্রাণ কার্য চলেছে। পূর্ব মধ্য রেল জানিয়েছে, পাটনা-গয়া সেকশনে আবার ট্রেন পরিষেবা চালু করা হয়েছে।

----------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর আইএমডি জানিয়েছে, অরুণাচলপ্রদেশ, অসম, মেঘালয়, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, বিহার, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, ঝাড়খণ্ড, নাগাল্যান্ড ও ওড়িশায় আজ ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, অন্ধ্রপ্রদেশ এবং তামিলনাড়ু, পুদুচেরি ও কারাইকালেও বজ্রবিদ্যুৎ-সহ ঝোড়ো হাওয়ার পূর্বাভাস রয়েছে।

এদিকে, আগামী তিন-চার দিন হিমাচলপ্রদেশ, গুজরাট ও মহারাষ্ট্রে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উপকূলীয় অন্ধ্রপ্রদেশ, কেরল ও মাহেতে গরম ও আর্দ্র আবহাওয়া থাকবে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে ।

---------------------- ----------------------